**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সেবা শাখা**
**www.shed.gov.bd**

# জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা ২০২৬

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৬ উদযাপন উপলেক্ষ্যে বিভিন্ন কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২.০ এ নীতিমালা **"জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা ২০২৬"** নামে অভিহিত হবে এবং এই নীতিমালা অনুসরণ করে প্রতি বছর জানুয়ারি মাসে কার্যক্রম শুরু করতে হবে।

৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণকে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

৪.০ অনুচ্ছেদ ৩.০ তে বর্ণিত প্রতিষ্ঠান, ৪.১ এ বর্ণিত ইভেন্টসমূহে শিক্ষার্থী/দল নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবে। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। এই নির্বাচন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট বিষয়ের পারদর্শী বা বিশেষজ্ঞগণের সমন্বয়ে গঠিত বিচারকবৃন্দের মাধ্যমে বিচার প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

## ৪.১ ইভেন্টসমূহ

৪.১.১ কেরাত
৪.১.২ হামদ্
৪.১.৩ নাত
৪.১.৪ বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৫ ইংরেজি রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৬ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা
৪.১.৭ বাংলা কবিতা আবৃত্তি
৪.১.৮ উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা (একক)
৪.১.৯ দেশাত্মবোধক গান
৪.১.১০ রবীন্দ্রসংগীত
৪.১.১১ নজরুলসংগীত
৪.১.১২ উচ্চাঙ্গসংগীত
৪.১.১৩ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
৪.১.১৪ জারীগান (দলভিত্তিক)
৪.১.১৫ নির্ধারিত বক্তৃতা: বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য/বাংলাদেশ উন্নয়ন ভাবনা/শিক্ষা
৪.১.১৬ নৃত্য (উচ্চাঙ্গ)
৪.১.১৭ লোক নৃত্য।
৪.১.১৮ তাৎক্ষণিক অভিনয়
৪.১.১৯ দেয়াল পত্রিকা

## ৫.০ গ্রুপসমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
চিরিরবন্দর, দিনাজপুর।

স্মারক নং- উমাশিঅ/চিরির/দিনাজ/২০২৫/২৮৪ তারিখঃ ৩০/১২/২০২৫ খ্রিঃ।

বিষয়ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ উপজেলা পর্যায়ে উদযাপন প্রসঙ্গে।
সূত্রঃ ৩৭.০০.০০০০.০৬২.৪৬.০০১.২৫-৪১৬ তাং-০৯/১২/২০২৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক জানানো যাচ্ছে যে, চিরিরবন্দর উপজেলায় পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৬ আগামী ০৮/০১/২০২৬ খ্রিঃ তারিখে পালন করা হবে। সে প্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠানে শিক্ষা সপ্তাহ-২০২৬ উদযাপন শেষে ইভেন্ট ওয়ারী নামের তালিকা আগামী ০৬/০১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অত্র কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হল।

নির্দেশনাসমূহঃ শিক্ষার্থীদের জন্যঃ

১। প্রতিযোগিতার বিষয়সমূহঃ ইভেন্ট নং-৪.১.১ হতে ৪.১.১৯ পর্যন্ত প্রতি বিষয়ে গ্রুপভিত্তিক ০১(এক) জন করে নাম প্রেরণ করবেন। তবে দুই শিফট চালু থাকলে ০২জন করে প্রতিযোগীর নাম পাঠানো যাবে।

২। ০১জন প্রতিযোগী সর্বোচ্চ ০৩টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবেন।

৩। ছাত্র/ছাত্রীর নাম প্রেরণের ছকঃ

| ক্র/নং | প্রতিষ্ঠানের নাম ও EIIN No | প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর | ছাত্র/ছাত্রীর নাম | ছাত্র/ছাত্রীর পিতা ও মাতার নাম | শ্রেণী ও রোল নং | মোবাইল নং ও রঙ্গিন ছবি |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

বিঃদ্রঃ প্রতিযোগীদের বাদ্যযন্ত্রসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সঙ্গে আনতে হবে।

ইভেন্ট ৫.৩.১ নং হতে ৫.৩.১৭ পর্যন্ত প্রতিযোগিতার জন্য নিম্নোক্ত নির্দেশনা সমূহ বিশেষভাবে অনুসরণীয়ঃ

১। ৫.৩.১ হতে ৫.৩.১৭ পর্যন্ত ইভেন্ট প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে প্রতি বিষয়ে ০১জন/০১টি নির্ধারণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ নামের তালিকা আগামী ০৬/০১/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

২। সংযুক্ত কাগজপত্রের আলোকেই মূল্যায়ন করা হবে। প্রয়োজনীয় কাগজপত্র/ প্রমাণক না থাকলে ঐ বিষয়ে মূল্যায়ন করা যাবে না।

শ্রেষ্ট প্রতিষ্ঠান প্রধান, শ্রেষ্ট প্রতিষ্ঠান,শ্রেষ্ট শিক্ষার্থী, শ্রেষ্ট শ্রেণী শিক্ষক, শ্রেষ্ঠ বি.এন.সি.সি,শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ,শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইড ও শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ ও শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক ও শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক,শ্রেষ্ঠ স্কাউট ও শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ ও শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক ও শ্রেষ্ঠ রোভার শিক্ষক এর কাগজপত্র উক্ত তারিখের মধ্যে ০২প্রস্থ করে জমা দানের জন্য অনুরোধ করা হল।

বিঃ দ্রঃ জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা ২০২৬ মোতাবেক কাগজপত্র যাচাই-বাছাই করা হবে।

প্রতিযোগিতার তারিখ ও সময়ঃ ০৮/০১/২০২৬ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকা হতে শুরু হবে।

স্থানঃ চিরিরবন্দর বালিকা উচ্চ বিদ্যালয়য়, চিরিরবন্দর, দিনাজপুর।

সংযুক্তিঃ জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা-২০২৬- ২১ পাতা, যা উপজলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণ করা হয়েছে। অথবা www.shed.gov.bd এর নোটিশ বোর্ড থেকে ডাউনলোড করার জন্য অনুরোধ করা হল।

৩০/১২/২৫

(মোঃ ফজলে এলাহী)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
চিরিরবন্দর, দিনাজপুর।

প্রাপক ঃ অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপার (সকল),

............................................কলেজ/বিদ্যালয়/মাদ্রাসা

চিরিরবন্দর, দিনাজপুর।